ক্রেডিট কার্ড সম্বন্ধে গুরুত্বপূর্ণ তথ্য

1. ক্রেডিট কার্ড বিলসমূহের পেমেন্ট : ক্রেডিট কার্ড বিলসমূহের পেমেন্ট করা যেতে পারে চেক্, ড্রাফট্ নয়ত ক্যাশ পেমেন্টের মাধ্যমে এসসিবি এটিএম-সমূহ বা শাখাগুলোতে অথবা ইসিএস (ইলেক্ট্রনিক ক্লিয়ারিং সার্ভিস) নির্দেশের মাধ্যমে । অনুগ্রহ ক'রে আপনার চেক্ এবং ড্রাফট্গুলো এসসিবি অ্যাকাউন্ট নং. **XXXX XXXX XXXX XXXX** (আপনার 16 অঙ্কের এসসিবি কার্ড নম্বর)-য়ে প্রদেয়যোগ্য বানান । অনুগ্রহ ক'রে সুনিশ্চিত করুন যে আপনার চেক্ / ড্রাফ্টগুলো সর্বভাবে সম্পূর্ণ এবং অদলবদল করা যেকোন বিষয় যথাযথভাবে স্বাক্ষর করা । আপনার পেমেন্টের শেষ তারিখের থেকে কমপক্ষে 3 দিন আগাম চেক্ কলেকশন বক্সে আপনার পেমেন্ট ভরতে আমরা আপনাকে উৎসাহ দিচ্ছি। যদিও পেমেন্টের সঠিক শেষ তারিখ অনুযায়ী চেকের তারিখ হতে পারবে । ইহা আপনার কার্ড অ্যাকাউন্টে সময়মতো অর্থভাণ্ডাররের ক্রেডিট হওয়াকে সহজ করে । পেমেন্টের শেষ তারিখের মধ্যে ব্যাঙ্কের পেমেন্ট না প্রাপ্ত করার ক্ষেত্রে, একটা লেট্ পেমেন্ট চার্জ লেভী করার হক ব্যাঙ্কের কাছে সংরক্ষিত । ওভারডিউ অ্যাকাউন্টের জন্যে, কেবলমাত্র চেকের ক্লিয়ারেন্স - পরবর্তী পেমেন্ট ক্রেডিট হবে। 20,000 টাকার থেকে বেশী পেমেন্টের জন্যে, কেবলমাত্র চেকের ক্লিয়ারেন্স-পরবর্তী সীমাবদ্ধতা ছাড়া হবে । ক্যাশ বা নগদ কেবলমাত্র স্বাভাবিক ব্যাঙ্কিং কার্য্যসময় চলাকালীন ব্যাঙ্কের শাখাসমূহে জমা করা যাবে । অনুগ্রহ ক'রে চেক্ কালেকশন বক্সে নগদ জমা করবেন না ।

2. সুদের লেভী : (অনুগ্রহ ক'রে খেয়াল রাখবেন যে মাসিক পেমেন্ট প্রথমে পুরনো ধার মেটানোর উদ্দেশ্যে প্রয়োগিত হবে)

বিকল্প	কিভাবে সুদ লেভীকৃত হবে	
1. যদি সম্পূর্ণ বকেয়ার পুরো পেমেন্ট প্রতি মাসে পেমেন্টের শেষ তারিখের পূর্বে করা হয়	কোনও সুদ ধার্য্য হবে না *	
2.যদি সম্পূর্ণ বকেয়ার আংশিক পেমেন্ট প্রতি মাসে পেমেন্টের শেষ তারিখের পূর্বে করা হয়	লেনদেনের তারিখ থেকে ষ্টেটমেন্টের তারিখ পর্যন্ত চলতি ষ্টেটমেন্টে আনিত সকল লেনদেনের জন্যে সুদ ধার্য্য হবে । পূর্ববর্তী ষ্টেটমেন্টের অন্তিম ব্যালেন্সে ষ্টেটমেন্টের তারিখের একদিন পর থেকে পেমেন্টের তারিখের একদিন আগে পর্যন্ত হিসাবে চলতি ষ্টেটমেন্টে সুদ সংযুক্ত হবে । পেমেন্টের পরে ব্যালেন্সে পেমেন্টের তারিখ থেকে ষ্টেটমেন্ট তারিখ পর্যন্ত সুদ সংযুক্ত হবে ।	পূর্ববর্তী ষ্টেটমেন্ট তারিখ : 1 আগষ্ট, ষ্টেটমেন্ট ব্যালেন্স : 10,000 টাকা পেমেন্টের শেষ তারিখ : 18 আগষ্ট 15 আগষ্ট তারিখে : আনিত লেনদেন : 3000 টাকা 18 আগষ্টে গৃহীত পেমেন্ট : 8000 টাকা চলতি ষ্টেটমেন্ট তারিখ : 1 সেপ্টেম্বর, এই ক্ষেত্রে, 2 আগষ্ট থেকে 17 আগষ্ট পর্যন্ত 10,000 টাকার জন্যে সুদ ধার্য্য হবে এবং 18 আগষ্ট থেকে 1 সেপ্টেম্বর পর্যন্ত অপ্রদেয় বাকী 2,000 টাকার সুদ সংযুক্ত হবে । 15 আগষ্ট থেকে 1 সেপ্টেম্বর পর্যন্ত 3,000 টাকার জন্যেও সুদ ধার্য্য হবে ।
3. যদি আপনি সাধারণতঃ আংশিক পেমেন্ট করে থাকেন, কিন্তু চলতি মাসে পেমেন্টের শেষ তারিখের পূর্বে আপনি মোট বকেয়ার সম্পূর্ণ পেমেন্ট করেছেন	আপনার পূর্ববর্তী ষ্টেটমেন্ট অনুযায়ী অন্তিম ব্যালেন্সে পেমেন্টের তারিখ পর্যন্ত সুদ জমা হবে ।	পূর্ববর্তী ষ্টেটমেন্ট তারিখ : 1 আগষ্ট অন্তিম ব্যালেন্স 10,000 টাকা, চলতি ষ্টেটমেন্ট তারিখ : 1 সেপ্টেম্বর দেওয়ার শেষ তারিখ : 18 আগষ্ট, পেমেন্ট : 10,000 টাকা 15 আগষ্ট তারিখে 10,000 টাকায় 2 আগষ্ট থেকে 14 আগষ্ট পর্যন্ত সুদ যুক্ত হবে (13 দিনের জন্যে, যেহেতু আগষ্ট মাসে 31 দিন) । ^

* নগদ লেনদেন সমেত নয় ^ এই ক্ষেত্রে ডেবিট হওয়া সুদ হবে = 10,000 x 3.1% x 13/31 =130.00

3. বার্ষিকীকৃত শতাংশের হার : মাসিক সুদের হার বার্ষিকীকৃত হয়ে এপিআরে আসে । মাসিক সুদের হার 3.1% মাস পিছু নগদ ও খুচরো, উভয় লেনদেনের ক্ষেত্রে বার্ষিকীকৃত হিসাবে প্রযোজ্য হয়ে 37.20%-এর একটা এপিআর আসে । এই সুদের হার তারতম্যযোগ্য এবং খুচরো ও নগদ উভয় লেনদেনের জন্যে মাস পিছু 2.49% (এপিআর 29.88%) এবং মাস পিছু 3.40%-এর মধ্যে কমবেশী হবে। আপনার ক্ষেত্রে প্রযোজ্য সুদের হার পরিমার্জিত হওয়া মতো ও সময়ে, ইহা আপনার ষ্টেটমেন্টের মাধ্যমে জানানো হবে । ব্যাঙ্কের একান্ত বিবেচনাতে, আপনার কার্ডের ব্যবহার ও পরিশোধের ধরণের ওপর ভিত্তি ক'রে প্রতি তিন মাসে এপিআর আরোপিত এবং সমীক্ষিত হবে। সম্পূর্ণ পেমেন্ট না করে থাকলে, এমনকি দেবার শেষ তারিখের মধ্যে ন্যূনতম বকেয়া অর্থরাশি (এমএডি) পেড করলেও, মোট বকেয়া অর্থরাশির (টিএডি) ওপর তখনও সুদ ধার্য্য হবে । ইএমআই কার্ডের জন্যে, 2% মাসিক সুদের হার বার্ষিকীকৃত হিসাবে 24%-এর একটা এপিআরে আসে। এটা কেবলমাত্র 2,000 টাকার অধিক লেনদেনের ক্ষেত্রে বৈধ।

4. ন্যূনতম বকেয়া অর্থরাশি (এমএডি) : প্রতি মাসে বিলকৃত মূল্যের 5% ন্যূনতম বকেয়া অর্থরাশি হয়, যদি না পেমেন্টের ক্ষেত্রে কোনও বাকী পড়ে থাকে। কোনও বাকী থাকলে, তখন পূর্ণ বকেয়া অর্থরাশি হয়ত প্রদান করতে হবে। ইএমআই কার্ড বা কার্ড অ্যাকাউন্টের ওপর একটা লোন নেওয়ার ক্ষেত্রে, তখন লোনের ইএমআই উপরোক্ত বিষয়ে যুক্ত হবে । সেইসঙ্গে, কার্ড অ্যাকাউন্টের ওপর সীমার অতিরিক্ত ব্যবহারের ক্ষেত্রে ন্যূনতম বকেয়া অর্থরাশি উপরোক্ত সীমার অতিরিক্ত হওয়া অর্থরাশির যোগফল হবে। যদি আপনি 5,000 টাকা খরচ করেন এবং প্রতি মাসে সঠিকভাবে এমএডি ফেরৎ দেন (ন্যূনতম 100 টাকা পেমেন্ট সাপেক্ষ), তাহলে সম্পূর্ণ অর্থরাশি পরিশোধ করতে আপনার 6 বছর পর্যন্ত লাগবে। তাই আমাদের সুপারিশ হলো যে, যখনই আপনার টাকা নেওয়ার সুযোগ আপনি পাবেন, তখনই আপনার ন্যূনতম বকেয়া পেমেন্টের অধিক মোটারকম ফেরৎ করুন ।

● ক্রেডিট কার্ড হলো স্বল্প মেয়াদি ক্রেডিটের প্রয়োজন / দৈনন্দিন খরচের শ্রেণী-পর্য্যায়ের জন্যে একটি কারিগরিতা। আপনার দীর্ঘ মেয়াদি অর্থভাণ্ডারের প্রয়োজনীয়তা থাকলে, সম বিষয়ের জন্যে আমাদের প্রোডাক্টসমূহের একটা সম্ভার আছে। আরো বিবরণের জন্যে আমাদের হেল্পলাইনে কল্ করুন।

5. সুদ-মুক্ত সর্বাধিক সময়কাল : এসসিবি কার্ডের ক্ষেত্রে পেমেন্টের অন্তিম তারিখ সকল গোল্ড এবং নন্-গোল্ড কার্ডের জন্যে ষ্টেটমেন্ট তারিখ থেকে 18 দিন হয় (18-তম দিন রবিবার হওয়ার ক্ষেত্রে 17 দিন)। তাই 17-47 দিন সীমার একটা সুদ-মুক্ত ক্রেডিট সময়কাল আছে। তথাপি অগ্রিম নগদের জন্যে, লেনদেনের তারিখ থেকে সুদ ধার্য্য হয়। আগাম বিজ্ঞপ্তি দেওয়ার দ্বারা এই সুদ-মুক্ত সময়কাল পরিবর্তনের হক ব্যাঙ্কের কাছে সংরক্ষিত আছে।

6. বিলিং বিতর্কের সমাধান করা : ষ্টেটমেন্ট প্রাপ্ততার তারিখ থেকে 21 দিনের মধ্যে বিলিংয়ের বিতর্ক ব্যাঙ্কের গোচরে আনতেই হবে । কোনকিছু থাকলে, এমন প্রয়োজনীয় নথিপত্রের সঙ্গে একত্রে গ্রাহকের থেকে একটা ডিসপ্যুট ডিক্লারেশন ফর্ম (ডিডিএফ) বা স্বাক্ষরিত পত্র আবশ্যক। একটা বিষয়ের সঙ্গে অপর বিষয়ের ভিত্তির ওপর সমাধানের জন্যে প্রক্রিয়ার পার্থক্য হয়। বিতর্ক ও প্রক্রিয়া তৎক্ষণাৎ গ্রহণ করতে প্রয়োজনীয় নথিপত্রের ওপর আরো বিবরণের জন্যে অনুগ্রহ ক'রে ব্যাঙ্ককার্ডের হেল্পলাইন সেন্টারে যোগাযোগ করুন বা ব্যাঙ্কের ওয়েবসাইট www.standardchartered.co.in দেখুন।

7. অ্যাড অন কার্ডস : একটা অ্যাকাউন্টে বরাদ্দ হওয়া একাধিক কার্ডের ব্যাপারে, অ্যাকাউন্টের ক্ষেত্রে যেকোন অতিরিক্ত কার্ডধারক তথা স্বতন্ত্র অ্যাকাউন্টধারক এইসব নিয়ম ও শর্তাবলীর দ্বারা ইহার বরাদ্দতা যুগ্মভাবে এবং কঠোরভাবে নিয়ন্ত্রিত অনুমোদন করেন তথা কার্ড / সমূহের ব্যবহার দ্বারা গ্রহণ করা সকল চার্জের জন্যে যুগ্মভাবে ও কঠোরভাবে দায়বদ্ধ ।

8. হারানো বা চুরি যাওয়া কার্ডের জন্যে অবিলম্বে রিপোর্ট করা : ভারতের মধ্যে কার্ড হারালে বা চুরি হ'লে,

কার্ডধারক অবিলম্বে নিকটবর্তী কাষ্টমার সার্ভিস হেল্পলাইনে জ্ঞাত করবেন । বিদেশে সফরকালে কার্ড হারিয়ে গেলে, কার্ডধারক হয় ব্যাঙ্কের হেল্পলাইনে বা মাষ্টার কার্ড / ভিসা হেল্পলাইনে জ্ঞাত করবেন । সম্পূর্ণ বিবরণের জন্যে অনুগ্রহ ক'রে কার্ডমেম্বার নিয়ম ও শর্তাবলী দেখুন ।

9. হারানো কার্ডের দায় : ভারতে ব্যাঙ্কের কার্ড সার্ভিস সেন্টার বা ভিসা / মাষ্টারকার্ড গ্লোবাল এমার্জেন্সী অ্যাসিষ্টেন্স হেল্পলাইন্সে হারানো জ্ঞাত না করা পর্যন্ত কার্ডে গ্রহণ করা চার্জসমূহের জন্যে কার্ডমেম্বার দায়ী হবেন । যদি একটা কার্ড হারানো, চুরি যাওয়া বা ক্ষতিগ্রস্ত হওয়া বিবৃত হয় এবং তদ্‌পশ্চাৎ পাওয়া গেছে একন কার্ডমেম্বার ঘোষণা করেন, তাহলে ব্যাঙ্কে জানানোর অধীনে কার্ড বিনষ্ট করার দ্বারা উহার অবৈধতার জন্যে কার্ডমেম্বার একান্তরূপে দায়বদ্ধ থাকবেন ।

10. ষ্টেটমেন্ট বরাদ্দ করা : 100 টাকার অধিক ব্যালেন্স-সহ অ্যাকাউন্টের জন্যে প্রতি মাসে একবার ষ্টেটমেন্ট বরাদ্দ করা হবে । ব্যালেন্স 100 টাকার কম থাকা অ্যাকাউন্টের জন্যে, অ্যাকাউন্টে একটা নতুন লেনদেন প্রতিফলিত হবার সময়ে ষ্টেটমেন্ট বরাদ্দ করা হবে। সেইসঙ্গে একজন কার্ডধারকের, তাঁর অ্যাকাউন্টে ক্রেডিট ব্যালেন্সের ক্ষেত্রে, তাঁকে একটা ষ্টেটমেন্ট দেওয়া হবে, কেবলমাত্র যদি তাঁর ক্রেডিট ব্যালেন্স ভারতীয় টাকায় 250 ছাড়িয়ে যায় ।

11. কার্ডের নিয়ম ও শর্তাবলীতে সংশোধন : কার্ডের নিয়ম ও শর্তাবলীর ধারা 18 (বি) নিম্নরূপে সংশোধিত হয়েছে : ''18 (বি) : কার্ড বিলিং ষ্টেটমেন্ট সমেত কার্ডমেম্বারের কাছে ব্যাঙ্ক দ্বারা পাঠানো সকল নথিপত্র / যোগাযোগ আদান-প্রদান গণ্য ও যথেষ্টরূপে কার্য্যকরী হবে, যদি ষ্টেটমেন্টের উল্টোদিকে মুদ্রিত হওয়ার দ্বারা বা ব্যক্তিগত ক্যুরিয়ারের মাধ্যমে বা সাধারণ ডাক মারফৎ এবং কার্ডমেম্বার দ্বারা ব্যাঙ্কে সর্বশেষ পঞ্জীকৃত ভারতে থাকা কার্ডমেম্বারের ঠিকানার উদ্দেশ্যে যোগাযোগ হয়ে থাকে এবং এমন পরিষেবা ষ্টেটমেন্ট পোষ্ট করা বা বিজ্ঞপ্তি দেওয়া বা ক্যুরিয়ার এজেন্সীর কাছে তুলে দেওয়ার 4-র্থ দিন অতিক্রান্তের ওপর কার্য্যবসিত করতে গ্রাহ্য হবে । ভারতের বাইরে কার্ডমেম্বার একটা ঠিকানা পঞ্জীকরণের ক্ষেত্রে, কার্ডমেম্বার একমত হবেন যে তাঁকে কার্ড ষ্টেটমেন্ট পাঠাতে ব্যাঙ্ক কোনও নৈতিক বাধ্যবাধকতার অধীনস্থ নয় এবং এটা কার্ডমেম্বারের দায়িত্ব হবে তাঁর কার্ডের ওপর বকেয়া অর্থরাশি ব্যাঙ্ক থেকে নিশ্চিত করা তথা ইহার সংশ্লিষ্ট শেষ তারিখের পূর্বে সম অর্থরাশি পে করা । ষ্টেটমেন্ট ই-মেইলের মাধ্যমেও পাঠানো যাবে (কার্ডমেম্বার ই-ষ্টেটমেন্টের জন্যে পঞ্জীকৃত থাকলে) ।

12. বাতিলকরণ : অ্যাকাউন্টধারক হয় টেলিফোনের মাধ্যমে নয়ত লিখিতভাবে ব্যাঙ্কের কার্ড সার্ভিস সেন্টার বা ব্যাঙ্ককে জানানোর দ্বারা যেকোন সময়ে কার্ড অ্যাকাউন্ট বাতিল করতে পারেন । এমন বিজ্ঞপ্তি তখনই কার্য্যকরী করা হবে, যখন তাঁর কার্ডে থাকা সকল বকেয়া চার্জ পেমেন্ট তথা ব্যাঙ্কের কার্ড সার্ভিস সেন্টার বা ব্যাঙ্ককে জ্ঞাত করার অধীনের পরে কার্ডমেম্বার কর্তৃক কার্ড বিনষ্ট করা হয়েছে ।

13. ক্রেডিটের সীমা : ব্যাঙ্কের বিবেচনায় ক্রেডিটের সীমা গঠিত হবে । পাওয়া যাওয়া ক্রেডিটের সীমা গণনাকৃত হয় মোট ক্রেডিট সীমা থেকে ব্যবহৃত সীমা বাদ দেওয়া দ্বারা । কার্ডের ওপর ক্রেডিট সীমার মধ্যে কোনও লোন কার্ডমেম্বার ভোগ করার ক্ষেত্রে, পাওয়া যাওয়া ক্রেডিট সীমাতে আসতে মোট ক্রেডিট সীমা থেকে বকেয়া লোনের অর্থরাশিও বিয়োগিত হবে । সুনির্দিষ্ট পরিস্থিতির ভিত্তিতে ব্যাঙ্কের একান্ত বিবেচনাতে আপনার ক্রেডিট সীমা কমানোর হক ব্যাঙ্কের কাছে সংরক্ষিত আছে । এর মধ্যের কয়েকটি হলো নগদ অর্থ ব্যবহার করা, কার্ড সেট-আপের 90 দিনের মধ্যে গহনা কেনা, অনিয়মিত পরিশোধের ধরণ এবং মাত্রাতিরিক্ত সীমা ব্যবহার করা । যখনই প্রযোজ্য হবে তখনই ব্যাঙ্ক ক্রেডিট সীমা কমানোর বার্তা পাঠিয়ে জানিয়ে দেবে ।

14. অগ্রিম নগদের সীমা : অগ্রিম নগদ সীমা ক্রেডিট সীমার একটা স্থিরকৃত শতাংশ নয়, কিন্তু মাসিকরূপে মূল্যনির্ণয়কৃত এবং পুনঃগঠিত হয় । আরো বিবরণের এবং সমবিষয়ের চার্জের জন্যে অনুগ্রহ ক'রে কার্ড সার্ভিস হেল্পলাইন নম্বরে যোগাযোগ করুন ।

15. তথ্য ভাগীদারী : কার্ডধারকের চুক্তির নিয়ম ও শর্তাবলী অনুযায়ী ভারতে বা বিদেশে অবস্থিত ইহার গ্রুপ

কোম্পানীগুলোর সঙ্গে কার্ড মেম্বারদের সম্বন্ধে সকল তথ্যে অংশীদার হওয়ার জন্যে ষ্ট্যাণ্ডার্ড চার্টার্ড ব্যাঙ্ক স্বীকৃত। এছাড়াও ব্যাঙ্ক ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (ইণ্ডিয়া) লিঃ (সিবিল) বা ইহার একান্ত বিবেচনায় আবশ্যক মান্য হিসাবে অন্য যেকোন এজেন্সীর কাছে আপনার বিশদ বিরণ প্রকাশ করতে অনুমোদিত। যাতে সামিল থাকে কার্ডমেম্বার্স সম্বন্ধে তথ্য, ভোগকরা / ভোগ করবার ক্রেডিট সুবিধাদি, উহার সঙ্গে জড়িত কার্ডধারক দ্বারা গ্রহণ করা / করাবেন এমন নৈতিক বাধ্যবাধকতা এবং বকেয়া, কিছু থাকলে, ডিসচার্জ করাতে কার্ডধারক দ্বারা প্রতিশ্রুতিবদ্ধ এমন নৈতিক বাধ্যবাধকতা । অধিকন্তু, ক্রেডিট ইনফরমেশন কোম্পানীজ (রেগুলেশন) অ্যাক্ট 2005 অনুসারে, কার্ডমেম্বারকে জানানো ছাড়াই যেকোনো অনুরোধ পালনে সম্মত এবং আইনের অধীনে যেকোন কর্তৃপক্ষের থেকে যেকোনো তথ্য মান্য করতে ব্যাঙ্ক স্বীকৃত । পরিষেবাসমূহ / সুনির্দিষ্ট পরিষেবাসমূহ প্রদানের ব্যাপারের জন্যে এবং খাতে, ব্যাঙ্কের প্রয়োজন হয় / হতে পারে বিশেষজ্ঞের তথা অন্যান্য পরিষেবা প্রদানকারী / এজেন্টদের পরিষেবাসমূহে যুক্ত হওয়ার । এতদ্বারা ইহা নেওয়া হয়েছে অনুমোদন এবং চুক্তি হিসাবে, যে ব্যাঙ্কের এইসব পরিষেবা প্রদানকারী / এজেন্টকে আপনার অ্যাকাউন্টের ব্যাপার যেকোন তথ্য জাহির করতে ব্যাঙ্কের প্রয়োজন হতে পারে / হবে।

16. অর্থ প্রদানে অক্ষমতা ও পরিস্থিতির ওপর তথ্য

a) 150 দিন যাবৎ বকেয়া ন্যূনতম অর্থরাশি পেমেন্ট না করার ক্ষেত্রে কার্ডধারক অর্থপ্রদানে অক্ষম হিসাবে শ্রেণীভুক্ত হবেন। অনুগ্রহ ক'রে মনে রাখবেন যে, মাসিক ভিত্তিতে ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (ইণ্ডিয়া) লিঃ (সিবিল)-এর সঙ্গে পেমেন্টের তথ্য অংশীদারী করা হয়, সুতরাং পেমেন্ট করা বাদ যাওয়া, এমনকি এক মাসের জন্যে হলেও, তা সিবিল-এর সঙ্গে অংশীদারী করা তথ্যে প্রতিফলিত হবে। কার্ডধারকের অক্ষমতার তথ্য 150 দিনের জন্যে ন্যূনতম বকেয়া অর্থরাশির পেমেন্ট না করার ক্ষেত্রে সত্যম দ্বারা রক্ষণাবেক্ষণ করা ডিফল্টার ডাটাবেসের সঙ্গে অংশীদারী করা হবে ।

b) বকেয়া নিষ্পত্তির পরে অর্থপ্রদানের অক্ষমকারীর শ্রেণীকরণ তুলে নেওয়া :

মোট বকেয়ার পেমেন্ট সাপেক্ষে এবং অনুরোধের ওপর এক মাসের মধ্যে অর্থপ্রদানে অক্ষমকারী তালিকা / ডাটাবেস থেকে ব্যাঙ্ক নাম বাদ দিয়ে দেবে। যদিও সিবিল-এর সঙ্গে অংশীদারী করা তথ্য গ্রাহকদের ক্রেডিট / পেমেন্টের ইতিহাসে প্রতিফলিত হবে এবং ব্যাঙ্ক তুলে নিতে পারবে না।

c) অর্থপ্রদানে অক্ষমতার ক্ষেত্রে আদায়ের প্রক্রিয়া : চিঠি, টেলিকলিং, এসএমএস, ই-মেইল এবং অন্য যেকোন যোগাযোগের মাধ্যমে তথা প্রয়োজন হ'লে ব্যক্তিগত সাক্ষাতের দ্বারা নিরন্তর তাগিদ দেওয়া।

d) কার্ডধারকের মৃত্যু / স্থায়ী অযোগ্যতার ক্ষেত্রে বকেয়া আদায় করা : কার্ডধারকের মৃত্যুর সুনিশ্চিয়তার ওপর হিসাববই থেকে অ্যাকাউন্ট চার্জ-মুক্ত হয় এবং কার্ডের বকেয়া ব্যাড ডেবট্ হিসাবে অবলোপিত হয়। মৃত কার্ডধারকের সম্পত্তি উইল করা থাকলে ব্যাঙ্ক বকেয়া নিষ্পত্তির জন্যে একটা পারস্পরিক আপস-মীমাংসা করে। কার্ডধারকের স্থায়ী অযোগ্যতার ক্ষেত্রে মানক কার্ডমেম্বার নিয়ম ও শর্তাবলী প্রযোজ্য।

17. অভিযোগ উত্থাপন করা : আপনার প্রাপ্ত করা সাড়ায় আপনি সন্তুষ্ট না হ'ল, অনুগ্রহ ক'রে লিখুন এখানে : সিডিকে সাই নরেন, হেড সার্ভিস, ষ্ট্যাণ্ডার্ড চার্টার্ড ব্যাঙ্ক, কাষ্টমার কেয়ার ইউনিট, 19, রাজাজী সালাই, চেন্নাই 600001, ফোন : + 91 99002 60046 বা ই-মেইল করুন : head.service@in.standardchartered.com

18, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এবং ব্যাঙ্কের প্রয়োজনীয় নো ইওর কাষ্টমার (কেওয়াইসি)-এর সঙ্গে সম্মত হতে সময়ে-সময়ে ব্যাঙ্ক কর্তৃক হয়ত প্রয়োজন হিসাবে এমন আরো তথ্যাদি ব্যাঙ্ককে প্রদান করতে আমি একমত। সুবিধা প্রত্যাহার, সুরক্ষা তথা গ্যারেন্টি বলবৎ, যদি কিছু থাকে, এবং বকেয়ার উদ্দেশ্যে উহার যথাযথ প্রক্রিয়া এবং আপনার থেকে ব্যালেন্স আদায়, যদি কিছু থাকে, বা ব্যাঙ্ককে আপনার দ্বারা প্রয়োজনীয় নথিপত্র প্রদান না করার ক্ষেত্রে অ্যাকাউন্ট বন্ধ করার হক ব্যাঙ্কের কাছে সংরক্ষিত ।

19. এখানে যেকোনকিছু অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও, সুবিধা একান্তভাবে পাওয়া যায় ব্যাঙ্কের একান্ত বিচক্ষণতায় এবং তা, ব্যাঙ্ক কর্তৃক যেকোন সময়ে বাতিলকরণ ও/বা দাবির ওপর পূর্বে প্রদেয়যোগ্য সাপেক্ষে, যেক্ষেত্রে

গ্রাহক ব্যাঙ্ককে সমরাশি তৎক্ষণাৎ পরিশোধ করবে ।

20. অনুগ্রহ ক'রে http://www.standardchartered.com/in/cb/creditcard/card_main.html এখানে যান 10-টি আঞ্চলিক ভাষার যেকোনটিতে কার্ডমেম্বার নিয়ম ও শর্তাবলী পড়ার জন্যে ।

জুন 2006 থেকে কার্য্যকরী চার্জসমূহ :

● লেট্ ফী চার্জসমূহ : লেট্ চার্জসমূহ অধিকন্তু 100 টাকা লেট্ ফী ডেবিট হবে, যদি ন্যূনতম বকেয়া অর্থরাশি পরপর দুই বা অধিক মাস যাবৎ গৃহীত না হয় ।

● সারচার্জসমূহ : রেলওয়েজ লেনদেনের ক্ষেত্রে 25 টাকা বা লেনদেনের 2.5% (যেটা উচ্চতর হবে) । পেট্রোল লেনদেনের ক্ষেত্রে 10 টাকা বা লেনদেনের 2.5% (যেটা উচ্চতর হবে) ।

● ওভারলিমিট চার্জসমূহ : উপলক্ষ্য পিছু ওভারলিমিট চার্জসমূহ হবে 500 টাকা ।

● ডুপ্লিকেট ষ্টেটমেন্ট ফী : ষ্টেটমেন্ট পিছু 25 টাকা (যদি এটা 3 মাসের অধিক পুরনো হয়)

● কার্ড বদলের ফী : বদল পিছু 100 টাকা

● পিন বদল ফী : বদল পিছু 100 টাকা

● আউটষ্টেশন টেলিড্রাফ্ট চার্জ : উপলক্ষ্য পিছু 50 টাকা

● টেলিড্রাফ্ট বাতিলকরণের চার্জ : উপলক্ষ্য পিছু 50 টাকা

● রিটার্ণ চেক্ ফী : উপলক্ষ্য পিছু 300 টাকা

● বৈদেশিক মুদ্রা লেনদেন : সকল অভারতীয় টাকা ফ্র্যাঞ্চাইসীর দ্বারা পরামর্শকৃত দরে ভারতীয় টাকাতে রূপান্তরিত হয় । (ভিসা / মাষ্টার) । লেনদেনের ক্ষেত্রে অতিরিক্ত 2.5% ব্যাঙ্ক চার্জ এবং অতিরিক্ত 1% চার্জ হয় ফ্র্যাঞ্চাইসীর কাছে প্রত্যার্পণ করার উদ্দেশ্যে ।

● ব্রাঞ্চ লেনদেন ফী : টেলার সুবিধা ব্যবহার করে এসসিবি শাখাসমূহে নগদে পেমেন্ট করার প্রতিবারে 99 টাকা চার্জ হবে ।

● পরিষেবা কর : পরিষেবা চার্জের ক্ষেত্রে 12-36%-য়ে পরিষেবা কর হয় । পরিষেবা কর পঞ্জীকরণ নং এসটি / মুম্বই / সিডিসিওএস / ডিএন I/13/2006 ''ক্রেডিট কার্ড , ডেবিট কার্ড, চার্জ কার্ড বা অন্যান্য পেমেন্ট কার্ড পরিষেবাসমূহের'' অধীনে । রেজিষ্টার্ড অফিস : ষ্ট্যাণ্ডার্ড চার্টার্ড ব্যাঙ্ক, 23-25, এম.জি. রোড, ফোর্ট, মুম্বই-400 001. চার্জসমূহ মকুব বা পুনঃপ্রাপ্তির বিষয়ে (সেনভ্যাট) ক্রেডিট নিয়ম 2004-এর অধীনে গ্রাহক দ্বারা কোনও পরিষেবা করের ক্রেডিট দাবিযুক্ত হবে না ।

18-ই জুন 2007 তারিখে কার্য্যকরী চার্জসমূহ : লেট্ পেমেন্ট চার্জসমূহ ● 10,000 টাকার কম বকেয়া ষ্টেটমেন্টের জন্যে 350 টাকা ● 10,000 টাকা থেকে 20,000 টাকার মধ্যে বকেয়া ষ্টেটমেন্টের জন্যে 500 টাকা ● 20,000 টাকার অধিকতর বকেয়া ষ্টেটমেন্টের জন্যে 600 টাকা ।

উদাহরণস্বরূপ : ধরুন আপনার ক্রেডিট কার্ড অ্যাকাউন্টে 7,000 টাকা এবং আপনার ব্যালেন্স ট্রান্সফার অ্যাকাউন্টে 15,000 টাকার বকেয়া থাকা তথা পেমেন্টের শেষ তারিখের মধ্যে পেমেন্ট করা হয়নি । এমন ক্ষেত্রে আপনার ক্রেডিট অ্যাকাউন্টের ওপর 350 টাকা এবং আপনার ব্যালেন্স ট্রান্সফার অ্যাকাউন্টের ওপর 500 টাকা লেট্ পেমেন্ট ধার্য্য হবে । উপরোক্ত উদাহরণ কেবলমাত্র ব্যাখ্যাকরের ব্যাপারে । ইনষ্টাবায়, ব্যালেন্স ট্রান্সফার, ডায়েল-এ-লোন ইত্যাদির মতো এমন সকল কার্ড তথা সকল কিস্তি প্রোডাক্টের প্রত্যেকটি লেট্ পেমেন্ট চার্জসমূহে সংযুক্ত হবে, যদি পেমেন্টের শেষ তারিখের মধ্যে পেমেন্ট না করা হয় ।

● অগ্রিম নগদ ফী : এটিএম উইথড্রয়ালস : ন্যূনতম 300 টাকার সাপেক্ষে নগদ ওঠানো অর্থরাশির 3% ● আমাদের শাখাসমূহে টেলার সুবিধা ব্যবহার করে টাকা ওঠানোর জন্যে একটা অতিরিক্ত 500 টাকা ফী

লেভীযুক্ত হবে।

15-ই সেপ্টেম্বর 2007 তারিখে কার্য্যকরী চার্জসমূহ -

● নন্ ইউসেজ ফী :250 টাকা চার্জ করা হবে, যদি বিগত 12 মাসে একটা রিটেল বা ক্যাশ লেনদেনের জন্যে কার্ড ব্যবহৃত না হয়ে থাকে।

অনুগ্রহ ক'রে সুনিশ্চিত করুন যে আপনার চেক্ / ড্রাফ্টগুলো সর্বভাবে সম্পূর্ণ এবং অদলবদল করা যেকোন বিষয় যথাযথভাবে স্বাক্ষর করা। আপনার পেমেন্টের শেষ তারিখের থেকে কমপক্ষে 3 দিন আগাম চেক্ কলেকশন বক্সে আপনার পেমেন্ট ভরতে আমরা আপনাকে উৎসাহ দিচ্ছি। যদিও পেমেন্টের সঠিক শেষ তারিখ অনুযায়ী চেকের তারিখ হতে পারবে। ক্যাশ বা নগদ কেবলমাত্র স্বাভাবিক ব্যাঙ্কিং কার্য্যসময় চলাকালীন ব্যাঙ্কের শাখাসমূহে জমা করা যাবে। অনুগ্রহ ক'রে চেক্ কালেকশন বক্সে কোনও নগদ জমা করবেন না।